ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# রোজদিন



বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

ROSEDIN ● Vol. - 2 ● Issue - 068 ● Prgi No. : WBBEN/25/A1189 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : www.rosedin.in

ই-পেপার ● বর্ষ ঃ ৬ ● সংখ্যা ঃ ০৬৮ ● কলকাতা ● ২৭ ফাল্গুন, ১৪৩২ ● বৃহস্পতিবার ● ১২ মার্চ ২০২৬ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ ট

পর্ব 227

## হিমালয়ের সমর্পণ যোগ



যে রকম পশুপক্ষী কথা বলে আর তাদের ভাষায় শব্দ থাকে না, সেরকমই অনেক আদিবাসী উপজাতির ভাষা আছে যাতে শব্দ থাকে না।

এক আওয়াজই এক বাক্য হয়। যে পর্যন্ত এক বাক্যে হওয়া কথা এক আওয়াজেই হতে পারে, তখন এত বড় বাক্য শিষ্য অনেক নীচের স্তরে বোঝেন। উভয়ের মধ্যে স্তরের এক বড় ফাঁক নির্মাণ হয়ে যায়। ক্রমশঃ

# বাংলার নয়া রাজ্যপাল আর এন রবি: বিদায় নিলেন বোস



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

প্রশাসনিক প্রধানের পদে বড় পরিবর্তনের সাক্ষী হতে চলেছে পশ্চিমবঙ্গ। আজই কলকাতা ছেড়ে নিজের রাজ্য কেরালায় ফিরে যাচ্ছেন বিদায়ী রাজ্যপাল সি. ভি. আনন্দ বোস। এর আগে গতকাল রাতে নবান্নে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে এক সৌজন্য সাক্ষাতে মিলিত হন তিনি।প্রকৃতির মেজাজেও পরিবর্তনের আভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। চৈত্রের দাবদাহ থেকে মুক্তি দিতে কলকাতা ও দক্ষিণবঙ্গের একাধিক জেলায় হালকা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস দেওয়া হয়েছে। দুই বর্ধমান, নদীয়া ও বীরভূমসহ উত্তরের দার্জিলিং ও কালিম্পং জেলাতেও বৃষ্টির সম্ভাবনা রয়েছে। এই প্রশাসনিক ও রাজনৈতিক ডামাডোলের মধ্যেই সাধারণ মানুষ বৃষ্টির অপেক্ষায় দিন গুনছেন।অন্যদিকে, আগামীকাল রাজভবনে পশ্চিমবঙ্গের নতুন রাজ্যপাল হিসেবে শপথ নেবেন আর এন রবি, যেখানে তাঁকে শপথবাক্য পাঠ করাবেন কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি।

রাজ্য রাজনীতিতে নির্বাচনকে কেন্দ্র করে বাম-কংগ্রেস জোটের সমীকরণ এখন অতীত। আলিমুদ্দিন সূত্রে জানানো হয়েছে, আসন্ন ভোটে কংগ্রেসের সঙ্গে কোনো জোট হচ্ছে না। তবে ইন্ডিয়ান সেকুলার ফ্রন্টের (আইএসএফ) সঙ্গে দফায় দফায় আলোচনা চললেও দুই ২৪ পরগনার কয়েকটি বিতর্কিত আসন নিয়ে জট কাটেনি। আসন সমঝোতা নিয়ে উভয় পক্ষই নিজ নিজ অবস্থানে অনড় থাকায় বর্তমানে এক অচলাবস্থা তৈরি হয়েছে।



# রক্তহীন ভোটের দাবি, হাইকোর্টে দায়ের হল জনস্বার্থ মামলা



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

রক্তহীন ভোটের দাবিতে জনস্বার্থ মামলা দায়ের হল কলকাতা হাইকোর্টে। বুধবার কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পালের ডিভিশন বেঞ্চে এই মামলার শুনানি রয়েছে। ভোটের আবহে প্রাণহানি, অগ্নিসংযোগ, ভয় দেখানোর অভিযোগে মামলা দায়ের করা হয়েছে। উল্লেখ করা হয়েছে মহিলাদের ওপর নির্যাতনের কথাও।মঙ্গলবার সাংবাদিক বৈঠকে এই বিষয়টি নিশ্চিত করেছেন মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার। তাঁর স্পষ্ট বার্তা, ছাব্বিশের নির্বাচন হিংসা ও চাপমুক্ত করতে হবে। সোমবার রাজ্যের প্রশাসনিক আধিকারিকদের সঙ্গে বৈঠক করেছেন কোনও ভোটারের ওপর চাপ দেওয়ায়ও সহ্য করা হবে না। আগে যে প্রাক ও পরবর্তী ভোট হিংসা হত, আশা করছি, এবারের নির্বাচন কমিশনের স্পষ্ট নির্দেশ, সেটা এবার হবে না।" যদি কারোর বিরুদ্ধে ভোট পরবর্তী হিংসার অভিযোগ ওঠে, তাহলে তাঁর বিরুদ্ধে কঠোরতম পদক্ষেপ করা হবে বলেও স্পষ্ট করে দিয়েছেন CEC। তারপরই রাজ্যের বিভিন্ন প্রান্তের বিরোধীদের ওপর হামলার অভিযোগ উঠছে। বিজেপির রথযাত্রাতেও হামলার অভিযোগ উঠছে রাজ্যের একাধিক প্রান্তে। সেই প্রেক্ষিতে নতুন করে কলকাতা হাইকোর্টে জনস্বার্থ মামলা দায়ের হয়েছে।অতি স্পর্শকাতর এলাকায় কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের দাবি জানানো হয়েছে। যাতে সব বুথে সিসিটিভি ও ভিডিয়োগ্রাফি বাধ্যতামূলক করা হয়, তার দাবি জানিয়েছেন মামলাকারী। মামলাকারীর আবেদন, ছাব্বিশের নির্বাচনে যাতে একুশের নির্বাচনের মতো পরিস্থিতি তৈরি না হয়, যাতে প্রাক ও পরবর্তী হিংসার অভিযোগ রাজ্যের কোনও জায়গা থেকে না উঠে, সে বিষয়টি নিশ্চিত করতে হাইকোর্টে জনস্বার্থ মামলা দায়ের করা হয়েছে। এবারের নির্বাচন যাতে সুষ্ঠ ও হিংসাহীন হয়, তা করতে বদ্ধপরিকর নির্বাচন কমিশনও।

# ১৩ বছর ধরে কোমায়, হরিশ রানার ইচ্ছা মৃত্যুর আর্জি মঞ্জুর শীর্ষ আদালতের



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

মর্মান্তিক দুর্ঘটনার পর গত ১৩ বছর ধরে কোমায় ছিলেন ৩১ বছর বয়সী হরিশ রানা। এভাবে বেঁচে থাকা সত্যই যন্ত্রণার। কোনও বাবা-মা তাঁর সন্তানকে এভাবে দেখাতে পারেন না। হরিশের বাবা-মায়ের অনুরোধে শীর্ষ আদালত তাঁর মৃত্যুর আর্জি মঞ্জু করেছে। সুপ্রিম কোর্ট হরিশের লাইফ সাপোর্ট খুলে দেওয়ার অনুমতি দিয়েছে।২০১৩ সালে পাঞ্জাব বিশ্ববিদ্যালয়ের ছাত্র হরিশ রানা একটি পেয়িং গেস্ট আবাসনের চতুর্থ তলা থেকে পড়ে গিয়ে গুরুতর আহত হন। তাকে লাইফ সাপোর্টে রাখা হয়েছিল। তারপর থেকে, তাকে শ্বাস-প্রশ্বাসের জন্য ট্র্যাকিওস্টোমি টিউব এবং খাওয়ানোর জন্য গ্যাস্ট্রোজেজুনোস্টোমি টিউব ব্যবহার করা হচ্ছিল। একটি বিছানাতে দীর্ঘ ১৩ বছর ধরে মৃত্যুর জন্য প্রহর গুনছিলেন তিনি। তবে যমদূত হয়ত তাঁর এই করুণ অবস্থা চোখে দেখতে পায়নি। তাই দীর্ঘ ১৩ বছর ধরে কষ্ট পেয়ে চলেছেন হরিশ রানা। ছেলের এহেন পরিণতি দেখতে না পেরে তাঁর বাবা-মা ছেলের হয়ে ইচ্ছামৃত্যুর আবেদন জানিয়েছিলেন শীর্ষ আদালতে। কেবল প্রাণটুকু ছিল। তাঁকে কি 'পরোক্ষ মৃত্যু' (প্যাসিভ ইউথানেসিয়া) দেওয়া যায়? খতিয়ে দেখার জন্য সুপ্রিম কোর্ট নয়ডা জেলা হাসপাতালে

এরপর ৩ পাতায়

# গ্যাস সংকটের মাঝেই বনগাঁয় পুলিশের অভিযান, গ্রেফতার ১

**স্টাফ রিপোর্টার, রোজদিন**






**বনগাঁ:** ইরানকে ঘিরে মধ্যপ্রাচ্যে চলতে থাকা সংঘাতের প্রভাব এবার দেশের জ্বালানি সরবরাহ ব্যবস্থাতেও পড়তে শুরু করেছে। ইতিমধ্যেই দেশের নানা জায়গায় বাণিজ্যিক এলপিজি সিলিন্ডারের ঘাটতির খবর মিলছে। পরিস্থিতি সামাল দিতে তেল সংস্থাগুলি আপাতত হোটেল, রেস্তোরাঁ এবং শিল্পকারখানায় গ্যাস সরবরাহ কিছুটা কমানোর সিদ্ধান্ত নিয়েছে।উল্লেখ্য, গোপন সূত্রে খবর পেয়ে প্রায়ই বিভিন্ন জায়গায় এ ধরনের অভিযান চালায় পুলিশ। বনগাঁর এই অভিযানে পুলিশ অবৈধ গ্যাস ব্যবসার সঙ্গে যুক্ত এক ব্যক্তিকে ধরতে সক্ষম হয়েছে এবং তার বাড়ি থেকে মোট ১৮টি গ্যাস সিলিন্ডার (খালি ও ভর্তি মিলিয়ে) উদ্ধার করেছে। এই ঘটনার পর এলাকায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়ে পড়েছে।এর জেরে সবচেয়ে বেশি চাপ পড়েছে গৃহস্থের হেঁশেলে। গ্যাস বাঁচাতে কলকাতার বহু রেস্তোরাঁ তাদের মেনুতে পরিবর্তন আনতে শুরু করেছে। কোথাও কোথাও আবার গ্যাসের বিকল্প হিসেবে ইন্ডাকশন চুলা বা ইলেকট্রিক ওভেনের ব্যবহারও বাড়ানো হয়েছে।

এই পরিস্থিতির মধ্যেই উত্তর ২৪ পরগনার বনগাঁ এলাকায় বেআইনি গ্যাস ব্যবসার বিরুদ্ধে বড়সড় অভিযান চালাল পুলিশ। গোপন সূত্রে পাওয়া তথ্যের ভিত্তিতে বনগাঁ পুলিশ জেলার এনফোর্সমেন্ট ব্রাঞ্চ এবং গোপালনগর থানার পুলিশ যৌথভাবে অভিযান চালিয়ে এক ব্যক্তিকে গ্রেফতার করেছে। তাঁর বাড়ি থেকে উদ্ধার হয়েছে ১৭টি খালি

এরপর ৩ পাতায়

(২ পাতার পর)

# গ্যাস সংকটের মাঝেই বনগাঁয় পুলিশের অভিযান, গ্রেফতার ১

গ্যাস সিলিন্ডার এবং একটি ভর্তি সিলিন্ডার।পুলিশ সূত্রে জানা গিয়েছে, গোপালনগরের চালকি এলাকার বাসিন্দা বিশু শেখের বাড়িতে হানা দেয় পুলিশ। তল্লাশি চালানোর সময় সেখান থেকে বেশ কিছু গ্যাস সিলিন্ডার এবং গ্যাস ভরার বিভিন্ন সরঞ্জাম উদ্ধার হয়। তদন্তে জানা যায়, অভিযুক্ত ব্যক্তি অবৈধভাবে অটোচালকদের জন্য গ্যাস ভরার কাজ করতেন। গ্রেফতার হওয়া বিশু শেখকে এদিন বনগাঁ মহকুমা আদালতে পেশ করা হয়েছে বলে জানিয়েছে গোপালনগর থানার পুলিশ।

(২ পাতার পর)

# ১৩ বছর ধরে কোমায়, হরিশ রানার ইচ্ছা মৃত্যুর আর্জি মঞ্জুর শীর্ষ আদালতের

একটি মেডিক্যাল বোর্ড গঠনের নির্দেশ দিয়েছিল। বহু লড়াইয়ের পর অবশেষে হরিশের ইচ্ছামৃত্যুতে সায় দিয়েছে সুপ্রিম কোর্ট।দেশের মধ্যে এটাই প্রথম। হরিশকে বাঁচিয়ে রাখা হয়েছিল কৃত্রিম শ্বাসযন্ত্রের সাহায্যে।

দীর্ঘ আইনি লড়াইয়ের পর অবশেষে শীর্ষ আদালত হরিশের ইচ্ছামৃত্যুতে সায় দিয়েছে। এই রায় দেওয়ার পাশাপাশি শীর্ষ আদালত ইচ্ছা মৃত্যুর জন্য কেন্দ্রকে আইন আনার কথা বিবেচনা করতেও বলেছে । হরিশের বাবা-মায়ের আবেদনের পর শীর্ষ আদালত ২০২৪ সালে এই মামলাকে 'খুব কঠিন সমস্যা' বলে উল্লেখ করেছিল। ইচ্ছামৃত্যুর আদেশ মঞ্জুর করার পর বিচারপতি জেবি পারদিওয়ালা এবং বিচারপতি কেভি বিশ্বনাথনের বেঞ্চ বলেছে, "ঈশ্বর কাউকে জিজ্ঞাসা করেন না যে সে জীবন গ্রহণ করে কিনা, আপনাকেও তা গ্রহণ করতে হবে।" আদালত বলেছে, "হরিশ রানা একসময় পাঞ্জাব বিশ্ববিদ্যালয়ে পড়াশোনা করার সময় ২০ বছর বয়সী একজন মেধাবী তরুণ ছিলেন, যখন তিনি একটি ভবনের চতুর্থ তলা থেকে পড়ে যান এবং মস্তিষ্কে আঘাত পান। হরিশকে ছেড়ে দেওয়া হয়েছিল, কিন্তু মস্তিষ্কে আঘাতের কারণে তিনি কোমায় ছিলেন। তিনি অন্যদের উপর নির্ভরশীল। মেডিকেল রিপোর্টে ১৩ বছরেও কোনও উন্নতি দেখা যায়নি।"

# রান্নার গ্যাসের সঙ্কটে এসওপি তৈরি করবে রাজ্য, গ্যাস বাইরে না পাঠানোর নির্দেশ মুখ্যমন্ত্রীর

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



শিয়রে বিধানসভা নির্বাচন। আর তার মধ্যে রান্নার গ্যাসের দাম বাড়িয়ে দেওয়া হয়েছে। তবে এই রান্নার গ্যাস এখন বুকিং করা যাচ্ছে না বলে অভিযোগ। যদিও কোনও কারণে বুক হলে গ্যাস কবে মিলবে সেটা জানা যাচ্ছে না। কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে আগেই বলে দেওয়া হয়েছে, ২৫ দিনের আগে গ্যাস মিলবে না।এছাড়া দু'টি গ্যাস বুকিংয়ের মধ্যে অন্তত ২৫ দিনের ব্যবধান বাধ্যতামূলক করা হয়েছে। এই ঘোষণাতেই মানুষ আতঙ্কিত হয়ে পড়েছে বলে জানান মুখ্যমন্ত্রী। মমতা বন্দ্যোপাধ্যায়ের কথায়, 'কেন্দ্রীয় সরকারের উচিত সব রাজ্যকেই সমান চোখে দেখা। গ্যাসের জোগান যেন বন্ধ না হয়। ওদের আগে মানুষের কথা ভাবা দরকার। এটা কেন্দ্রের হাতে। আমরা চাই দ্রুত কেন্দ্রীয় সরকার পদক্ষেপ করুক। টাকা দিলেও গ্যাস পাওয়া যাচ্ছে না। এই বৈঠকে অনেকটাই সম্মত হয়েছে তেল সংস্থাগুলি। সিএনজি গ্যাস যাতে সরবরাহ করা যায় তার জন্য নির্দেশ দিয়েছি। যাতে অটো চালকরা ভাড়া বাড়িয়ে না দেয়। অযথা আতঙ্ক তৈরি করা যাবে না। দু'পক্ষই এসওপি তৈরি করবে। সাপ্লাই চেন বন্ধ না করলে আতঙ্ক কাটবে। আগামীকাল বৈঠক করে বিস্তারিত জানাবো। জেলায় নোডাল অফিসার তৈরি করে কাজ হবে। কালোবাজারির দিকে পুলিশকে নজর রাখতে বলেছি।'সেখানে রান্নার গ্যাস না পেয়ে এখন রাজ্যজুড়ে হাহাকার

এরপর ৬ পাতায়

# বঙ্গ-বিজেপির কোনও কথাই শুনছে না কেন্দ্রীয় নেতৃত্ব




**স্টাফ রিপোর্টার, রোজদিন**

শিয়রে বিধানসভা নির্বাচন। আর তার মধ্যে বঙ্গ-বিজেপি নেতাদের কাছে গোদের উপর বিষফোঁড়া হয়ে দাঁড়িয়েছে কেন্দ্রীয় নেতৃত্ব। বঙ্গ-বিজেপি নেতাদের কোনও কথাই কানে তুলছেন না কেন্দ্রীয় নেতারা। আর তার জেরে দলের অন্দরে এক অশান্তিকর পরিস্থিতি তৈরি হয়েছে বলে অভিযোগ। এই অভিযোগ আবার জানানো হয়েছে নয়াদিল্লির সদর দফতরে।তাছাড়া সব বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নিচ্ছেন এই দু'জনই। এখানকার নেতাদের পরামর্শ তাঁরা গ্রহণ করছেন না। আর ঘরোয়া বৈঠকগুলিতে নেতারা প্রকাশ্যে তিরস্কৃত হচ্ছেন। এই পরিস্থিতিতে অনেকেই রাজ্য বিজেপির বৈঠকে আসাই বন্ধ করে দিয়েছেন। এই নিয়ে নামপ্রকাশে অনিচ্ছুক রাজ্য বিজেপির এক নেতা বলেন, '২০২১ সালে কৈলাশ বিজয়বর্গীয় এমন ভুল সিদ্ধান্ত নিয়েছিলেন। যার খেসারত দিতে হয়েছে। এবার দুই কেন্দ্রীয় নেতার এমন কাজকর্ম নিয়ে আমরা উপযুক্ত জায়গায় অভিযোগ জানিয়েছি। বিধানসভা নির্বাচনের আগে দলের সম্ভাবনাময় নানা ক্ষেত্রকে এভাবে দুর্বল করা ঠিক নয়। তাই আমরা দিল্লিতে জানিয়েছি।' সেখান থেকেই এমন খবর ছড়িয়ে পড়েছে অনেকের কাছে। বরং কেন্দ্রীয় নেতারা বিশ্বাসই করছেন না এখানের পদ্ম নেতাদের। তাই তাঁরা একক সিদ্ধান্ত নিতে শুরু করেছেন। ফলে বিড়ম্বনায় পড়তে হচ্ছে গেরুয়া শিবিরের নেতাদের বলে সূত্রের খবর।

এদিকে বঙ্গ-বিজেপির তৈরি করা প্রার্থী তালিকা এখন কেন্দ্রীয় নেতাদের হাতে। এই প্রার্থী তালিকা

এরপর ৪ পাতায়

## সম্পাদকীয়

# কোন কোন কারণে বুথে পুনর্নির্বাচন হবে? স্পষ্ট করে দিলেন জ্ঞানেশ কুমার

বুথ জ্যাম। ভোট লুঠ। বাংলায় বিভিন্ন ভোটে এইসব অভিযোগ ওঠে। বুথে সিসিটিভি বন্ধ করে ছাপ্পা ভোটের অভিযোগে সরবও হন নেতারা। এইসব বন্ধে এবার কড়া পদক্ষেপ করতে চলেছে জাতীয় নির্বাচন কমিশন। বুথে ছাপ্পা ভোট বন্ধে সবরকম পদক্ষেপের কথা জানালেন মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার। বাংলায় এসে তিনি জানিয়ে গেলেন, কোন কোন কারণে বুথে পুনর্নির্বাচন হবে।এমন বুথেও গন্ডগোল হয়েছে। বহু বুথে সিসিটিভির উপরে চুইনগাম দিয়ে কিংবা সিসিটিভি বিকল করে বুথ জ্যাম করা হয়েছে। সেবিষয়ে ওয়াকিবহাল হয়ে কমিশন সিদ্ধান্ত নিয়েছে, সিসিটিভি বিকল করে দেওয়া হয়েছে দেখলেই সেই বুথে সঙ্গে সঙ্গে পুনর্নির্বাচনের সিদ্ধান্ত নেবে কমিশন। বাইরেও ঝামেলার ছবি দেখলে কমিশনে বসেই সেই বুথে পুনর্নির্বাচনে ভাগ্য নির্ধারণ করবে। গতকাল জ্ঞানেশ কুমার সাংবাদিক বৈঠকে বারবার এটা বুঝিয়ে দিয়েছেন, অবাধ ও সুষ্ঠু নির্বাচন করতে সবরকমই পদক্ষেপ করা হবে। তারপরও বুথে সিসিটিভি বিকল করে ছাপ্পা ভোট হলে, পুনর্নির্বাচনের পথে হাঁটা হবে বলে জানিয়ে দিলেন। ওয়াকিবহাল মহল বলছে, সিসিটিভি বন্ধ করে ছাপ্পা ভোটের যে অভিযোগ বাংলায় ওঠে, এবার যে তা আর হবে না, বাংলা সফরে এসে সেই বার্তাই দিয়ে গেলেন জ্ঞানেশ কুমার। রবিবার রাতে মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের নেতৃত্বে নির্বাচন কমিশনের ফুল বেঞ্চ পৌঁছেছিল রাজ্যে। সোমবার রাজনৈতিক দলগুলির সঙ্গে বৈঠক করে কমিশন। আর মঙ্গলবার দিল্লি ফেরত যাওয়ার আগে বাংলায় সুষ্ঠুভাবে নির্বাচন করতে কী কী পদক্ষেপ করা হচ্ছে, সাংবাদিক বৈঠকে তা জানিয়ে গেলেন জ্ঞানেশ কুমার। আসন্ন বিধানসভা নির্বাচনে অশান্তি দেখলে যে বরদাস্ত করা হবে না, তা স্পষ্ট করে দিলেন তিনি।

এমনকি নির্বাচনের আগেই পুনর্নির্বাচন কোথায় হবে, তাও জানিয়ে গেলেন। কী বললেন মুখ্য নির্বাচন কমিশনার? তিনি জানিয়েছেন, এবার প্রতি বুথে থাকছে সিসিটিভি, ওয়েব কাস্টিং। শুধু বুথের ভিতরে নয়, বুথের বাইরেও থাকবে। এর আগেও বুথের ভিতরে সিসিটিভি ছিল।

# সুন্দরবনবাসির রক্ষাকর্তা বনের মা বনবিবি দেবী



**মৃত্যুঞ্জয় সরদার**
**(তৃতীয় পর্ব)**



ভাত খেয়েও মানুষ হয়েছি। সুন্দরবন বাঘের মুখে থেকে মাছ ধরে, বাজারে বিক্রয় করে, সেই উপার্জনের টাকায় আমাদেরকে মানুষ করেছে আমার পিতা লালু সরদার । সুন্দরবনের সেই ইতিহাস আজ আমি আমার বাবার মুখ থেকে যা শুনেছি এবং আমি নিজে বহুবার সুন্দর বনে ঘুরে যতোটুকু তথ্য সংগ্রহ করতে পেরেছি। তা আমার এই অনুসন্ধান এবং গবেষণা সুন্দরবনের তথ্য চিত্র শুরু করেছিলাম আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন স্বপন দত্ত বাউলকে নিয়ে ।আজ আমি এসব কথা লেখার ইচ্ছা না

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

(৩ পাতার পর)

# বঙ্গ-বিজেপির কোনও কথাই শুনছে না কেন্দ্রীয় নেতৃত্ব

তৈরি করে পাঠিয়ে দেওয়া হয়েছিল নয়াদিল্লিতে। সেটা এখন কেন্দ্রীয় নেতাদের হাতে চলে এসেছে। যার সঙ্গে একেবারেই সহমত নন কেন্দ্রীয় নেতৃত্ব। বিধানসভা নির্বাচনের নির্ঘণ্ট যে কোনও সময় ঘোষণা হয়ে যেতে পারে। এই আবহে এমন পরিস্থিতি তৈরি হওয়ায় আড়াআড়িভাবে বিভক্ত হয়ে পড়েছে পদ্মপার্টি। বেঙ্গল লাইনের নেওয়া প্রত্যেকটি সিদ্ধান্ত পত্রপাঠ খারিজ করে দেওয়া হচ্ছে। আর তার জেরে ঘরোয়া কোন্দলে জেরবার রাজ্যের প্রধান বিরোধী দল। বঙ্গ-বিজেপি নেতাদের ক্ষোভের মুখে পড়েছে দুই কেন্দ্রীয় নেতা বলে সূত্রের খবর। আর এই দুই নেতাকে স্বয়ং অমিত শাহ বিশেষ দায়িত্ব দিয়ে বাংলায় পাঠিয়েছিলেন।

অন্যদিকে বঙ্গের সংগঠন নিয়ে যে রিপোর্ট পাঠানো হয়েছিল তা কেন্দ্রীয় নেতারা পা রেখেই বুঝতে পেরেছেন সবই ডাহা মিথ্যে। তাই এখন আর বঙ্গ-বিজেপির নেতাদের বিশ্বাস করতে রাজি নন তাঁরা। কে এই দুই কেন্দ্রীয় নেতা? এই দুই নেতা হলেন-বিজেপির সর্বভারতীয় সাধারণ সম্পাদক সুনীল বনসল এবং কেন্দ্রীয় পরিবেশমন্ত্রী ভূপেন্দ্র যাদব। প্রথমজন কেন্দ্রীয় পার্টির পক্ষে বাংলার পর্যবেক্ষক। দ্বিতীয়জন নির্বাচনী পর্যবেক্ষক। সুতরাং বাংলার বিজেপির সংগঠন এবং নির্বাচন সংক্রান্ত যাবতীয় সিদ্ধান্ত নিচ্ছেন ভিন রাজ্যের এই দুই নেতা। বিধানসভা নির্বাচনের প্রাক্কালে তাঁদের নিয়েই অসন্তোষ বাড়ছে রাজ্য বিজেপির নেতাদের মধ্যে বলে সূত্রের খবর।

## বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি



**-: মৃত্যুঞ্জয় সরদার :-**

শিন লক্ষ্য করেছেন যে একপ্রকার দ্বিত্ব হচ্ছে মাতৃগণের সংস্কার প্রথম শর্তঃ তাঁরা আনন্দময়ী এবং ভয়ঙ্করী। দ্বিতীয়ত, তাঁরা অবৈদিক ঐতিহ্যে সংশ্লিষ্ট (“association with Non-Vedic traditions”) (৫৭)।

**ক্রমশঃ**

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# ঝাড়গ্রামে পুলিশের অভিযানে লরি থেকে উদ্ধার এক কুইন্টাল গাঁজা, গ্রেপ্তার চালক-খালাশি

**অরূপ ঘোষ, ঝাড়গ্রাম**

ভোটের আগে অবৈধ মাদক পাচার রুখতে জেলাজুড়ে নজরদারি আরও কড়া করেছে ঝাড়গ্রাম জেলা পুলিশ। সেই অভিযানের মধ্যেই বড়সড় সাফল্য পেল ঝাড়গ্রাম থানার পুলিশ। জাতীয় সড়কে নাকা তল্লাশির সময় একটি লরি থেকে প্রায় এক কুইন্টাল গাঁজা উদ্ধার হওয়ায় চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। ঘটনায় লরির চালক ও খালাশিকে গ্রেপ্তার করেছে পুলিশ।পুলিশ সূত্রে জানা গিয়েছে, মঙ্গলবার রাত প্রায় দশটা নাগাদ ঝাড়গ্রাম থানার আইসি কৌশিক সাউ বিশেষ সূত্রে খবর পান যে, ঝাড়গ্রামের ৪৯ নম্বর জাতীয় সড়ক দিয়ে একটি লরিতে করে বিপুল পরিমাণ গাঁজা পাচার করা হচ্ছে। সেই তথ্যের ভিত্তিতে দ্রুত ফাঁসিতলা এলাকায় নাকা চেকিং শুরু করে ঝাড়গ্রাম থানার পুলিশ। কিছুক্ষণের মধ্যেই মুম্বইয়ের দিক থেকে কলকাতার দিকে আসা একটি সন্দেহজনক লরিকে থামিয়ে তল্লাশি চালান ঝাড়গ্রাম থানার সাব-ইন্সপেক্টর উমাশঙ্কর পইড়ার নেতৃত্বে পুলিশকর্মীরা। তল্লাশিতে লরির ভিতরে লুকিয়ে রাখা একের পর এক প্যাকেট থেকে প্রায় ১০০ কেজি গাঁজা উদ্ধার হয়। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছন ঝাড়গ্রাম থানার আইসি কৌশিক সাউ। তাঁর উপস্থিতিতে লরিতে আরও বিস্তারিত তল্লাশি চালানো হয়। পুলিশ সূত্রে জানা গিয়েছে, ওই সময় প্রশাসনের পক্ষ থেকে ঝাড়গ্রামের যুগ্ম বিডিও-ও ঘটনাস্থলে উপস্থিত ছিলেন। উদ্ধার হওয়া গাঁজার পরিমাণ প্রায় এক কুইন্টাল বলে জানা গিয়েছে। এই ঘটনায় লরির চালক নিতাই বর্মন (বাড়ি উত্তর দিনাজপুর জেলার ইটাহার থানা এলাকা) এবং খালাশি রাজা দাসকে (বাড়ি উত্তর ২৪ পরগণার সন্দেশখালি থানা এলাকা) গ্রেপ্তার করেছে পুলিশ। লরিটিকেও বাজেয়াপ্ত করা হয়েছে। পুলিশের প্রাথমিক অনুমান, অন্য রাজ্য থেকে এই বিপুল পরিমাণ গাঁজা এনে পশ্চিমবঙ্গের বিভিন্ন এলাকায় পাচারের উদ্দেশ্যেই নিয়ে যাওয়া হচ্ছিল। ঘটনার তদন্ত শুরু করেছে ঝাড়গ্রাম থানার পুলিশ।ঝাড়গ্রাম জেলা পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার (হেডকোয়ার্টার) সৈয়দ মহম্মদ মামদুল্লা হাসান জানান, গোপন সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে এই অভিযান চালানো হয়। তল্লাশিতে প্রায় ১০০ কেজি গাঁজা উদ্ধার হয়েছে এবং ঘটনায় দু'জনকে গ্রেপ্তার করা হয়েছে। ধৃতদের জিজ্ঞাসাবাদ করে এই পাচারচক্রের সঙ্গে আর কারা জড়িত রয়েছে তা জানার চেষ্টা করছে পুলিশ। পাশাপাশি গাঁজা কোথা থেকে আনা হচ্ছিল এবং কোথায় পাচারের পরিকল্পনা ছিল, তা খতিয়ে দেখতে ইতিমধ্যেই তদন্ত শুরু হয়েছে। বুধবার ধৃতদের ঝাড়গ্রাম আদালতে তোলা হলে বিচারক দুজনেরই সাত দিনের পুলিশি হেফাজতের নির্দেশ দেন। উল্লেখ্য, গত কয়েক মাসে একাধিকবার ৪৯ নম্বর জাতীয় সড়কে লরিতে করে অবৈধভাবে গাঁজা পাচারের চেষ্টা রুখে দিয়েছে ঝাড়গ্রাম থানার পুলিশ। ফলে আবারও বিপুল পরিমাণ মাদক উদ্ধার হওয়ায় ঘটনাটি যথেষ্ট তাৎপর্যপূর্ণ বলে মনে করছে প্রশাসন।

# ঘুঘুর বাসায় বধূ খুন, গ্রেফতার স্বামী



**নুরসেলিম লস্কর, বাসন্তী**

পর পুরুষের সাথে অবৈধ সম্পর্ক। সন্দেহে স্ত্রীর গলা কেটে খুনের অভিযোগ। দক্ষিণ ২৪ পরগনার বাসন্তী থানার অন্তর্গত বাসন্তী পঞ্চায়েতের মাকাল পাড়া এলাকার ঘটনা। মৃতের নাম বীথিকা শাসমল (৩৫)।

অভিযোগ, মঙ্গলবার গভীর রাতে সকলেই যখন ঘুমে অচেতন তখন ঘুমন্ত স্ত্রীকে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে খুন করে অভিযুক্ত বাপন শাসমল। তাকে গ্রেপ্তার করেছে বাসন্তী থানার পুলিশ।স্থানীয় সূত্রের খবর, বছর পনেরো আগে সন্দেশখালির বাসিন্দা বাপনের সঙ্গে বিয়ে হয় গোসাবার বীথিকার। দম্পতির ১৪ বছরের এক মেয়েও আছে। বীথিকা একটি লোন প্রদানকারী সংস্থায় কাজ করতেন। গত কয়েক বছর ধরেই এই কাজে যুক্ত । অভিযোগ, সহকর্মীদের সঙ্গে মেলামেশা, হইহুল্লোড় পছন্দ ছিল না স্বামীর। এ নিয়ে স্ত্রীর সঙ্গে প্রায়ই অশান্তির হতো। বাপন স্ত্রীর বীথিকার গায়ে হাত তুলতেন বলে জানায় তাদের মেয়ে।সম্প্রতি স্বামী-স্ত্রীর সম্পর্কের অবনতি হওয়ায় মেয়েকে নিয়ে বাসন্তীতে ভগ্নিপতি বিবেকানন্দ ঘুঘু'র বাড়ি গিয়ে ওঠেন বীথিকা। মঙ্গলবার বাপন সেখানে গিয়েছিল। অভিযোগ, গভীর রাতে ঘুমের মধ্যেই স্ত্রীকে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে খুন করে বাইক নিয়ে পালিয়ে যান । বুধবার সকালে নিউ টাউন এলাকা থেকে তাঁকে গ্রেপ্তার করে বাসন্তী থানার পুলিশ।

বীথিকার দিদি ঝুমা ঘুঘু বলেন, 'মঙ্গলবার দুপুরে বাপন এসেছিল। আমি ওদের বোঝাই, স্বামী-স্ত্রী মিলেমিশে থাকো। ও এসে বোনের পায়ে পড়ে গিয়েছে। বোনকেও বলি, এ বারের মতো ক্ষমা করে দে। কিন্তু বোন কিছুতেই রাজি ছিল না। বার বার বলছিল, অনেক সুযোগ দেওয়া হয়েছে। এ বারও ওর সঙ্গে গেলে মেরে ফেলবে। রাতে খাওয়াদাওয়া করে আমরা সাড়ে ১২টা নাগাদ গিয়ে ঘুমোই। রাত ১টা ৩০ মিনিট নাগাদ এই ঘটনা। চিৎকার শুনে আমার ছেলে গিয়ে আলো জ্বেলে দেখে বিছানা রক্তে ভাসছে। গলা কেটে ফালাফালা করে দিয়েছে।'মৃতের মেয়ের দাবি, অফিসের কোনও অনুষ্ঠানে মা যেতে চাইলেই অশান্তি হতো ঘরে। মা বলত, বাবা রাজি না হলে মা যাবে না। তার পরেই দিনের পর দিন ঝামেলা করত। মদ খেয়ে অশান্তি করত বলেও দাবি মেয়ের। বীথিকা স্বামীর সঙ্গে থাকবেন না বলেও সিদ্ধান্ত নিয়েছিলেন। তাতেই আরও রেগে যান বাপন। স্ত্রীকে কোনও ভাবেই ডিভোর্স দেবেন না বলে জানিয়ে দেন। এরই মধ্যে মঙ্গলবার রাতে এই ঘটনা ঘটে। বাপনের কঠোর শাস্তি দাবি করেছে মৃতের পরিবার সদস্যরা।

# এসআইআর-এর পরে ভোটের গুরুদায়িত্বে সুব্রত গুপ্ত

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

অবজার্ভার হিসেবে দায়িত্ব দেওয়া হল সুব্রত গুপ্তকে। এর আগে দু'দিনের বঙ্গসফরে এসেছিলেন মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার সহ কমিশনের ফুল বেঞ্চ। কলকাতায় নির্বাচন কমিশনের ফুল বেঞ্চের বৈঠকের পরেই বঙ্গের ভোটে গুরুদায়িত্ব দেওয়া হল সুব্রত গুপ্তকে। এর আগে এসআইআর পর্বে স্পেশাল রোল অবজার্ভার হিসেবে তিনি দায়িত্ব সামলাচ্ছিলেন তিনি।এদিকে রাজ্যে ভোট কত দফায় হবে? এই নিয়ে মুখ্য নির্বাচনী আধিকারিক বলেন, 'কত দফায় ভোট, সে বিষয়ে রাজনৈতিক দল পরামর্শ দিয়েছে। কত দফায় ভোট হবে, সে বিষয়ে দিল্লি ফিরে নিশ্চিত করা হবে। বাংলার আইনশৃঙ্খলার পরিস্থিতি পর্যালোচনা করে ভোটের দফা ঠিক হবে।' উল্লেখ্য, এর আগে গতকাল, সোমবার রাজ্যের ২৩ জেলার জেলাশাসক, জেলা ও পুলিশ জেলার সুপার এবং রাজ্য ও



কেন্দ্রের ২৪টি সংস্থার আধিকারিকদের সঙ্গে বৈঠক করে জ্ঞানেশ কুমারের নেতৃত্বাধীন নির্বাচন কমিশনের ফুল বেঞ্চ। এই আবহে নির্বাচনী হিংসা নিয়ে তাঁর বার্তা, 'হিংসা ও ভয়মুক্ত ভোট করতে হবে। কোনও ভোটারের ওপর চাপ দেওয়ায়ও সহ্য করা হবে না। আগে যে প্রাক ও পরবর্তী ভোট হিংসা হত, আশা করছি, এবারের নির্বাচন কমিশনের স্পষ্ট নির্দেশ, সেটা এবার হবে না।'

উল্লেখ্য, সুব্রত গুপ্ত অবসরপ্রাপ্ত আইএএস অফিসার। তিনি পশ্চিমবঙ্গ ক্যাডারে ছিলেন।

এসআইআর পর্ব যাতে যথাযথ ভাবে সম্পন্ন হয়, তা নিশ্চিত করার দায়িত্ব ছিল সুব্রতবাবুর কাঁধে। এরপর নির্বাচন কমিশনকে এসআইআরের রিপোর্ট পাঠানোরও কথা ছিল তাঁর। এহেন সুব্রত গুপ্তকে ভোটের ময়দানেও গুরুত্বপূর্ণ দায়িত্ব দেওয়া হতে পারে আগেই ইঙ্গিত মিলেছিল। বঙ্গে জ্ঞানেশ কুমারের দু'দিনের সফরের পরে সুব্রতবাবুকে নিয়ে সরকারি ভাবে ঘোষণা করা হল। এর আগে উত্তরপ্রদেশের প্রাক্তন আইপিএস অফিসার এন কে মিশ্রকে একই দায়িত্ব দেওয়া হয়েছিল।

এর আগে কেন্দ্রীয় সরকারের খাদ্য প্রক্রিয়াকরণ মন্ত্রকের সচিব হিসেবে দায়িত্ব সামলেছিলেন ১৯৯০ সালের পশ্চিমবঙ্গ ক্যাডারের সুব্রত গুপ্ত। তার আগে পশ্চিমবঙ্গ সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি এবং বায়োটেকনোলোজি এবং উত্তরবঙ্গ উন্নয়ন বিভাগের অতিরিক্ত মুখ্যসচিব পদে ছিলেন তিনি। সুব্রত গুপ্ত আইআইটি খড়্গপুরের প্রাক্তন ছাত্র। তিনি লন্ডন থেকে এমবিএ ডিগ্রি অর্জন করেন। এর আগে তাঁকে রাজ্য উদ্যানপালন এবং খাদ্য প্রক্রিয়াকরণ, বিজ্ঞান ও প্রযুক্তি, এবং বায়োটেকনোলজির মতো তুলনামূলকভাবে কম গুরুত্বপূর্ণ বিভাগে বদলি করা হয়েছিল। সেই সময় তাঁর চেয়েও জুনিয়র আমলাদের গুরুত্বপূর্ণ বিভাগে নিয়োগ করা হয়েছিল। এর আগে সুব্রত গুপ্ত ২০০৭ সাল থেকে চার বছর ওয়েস্ট বেঙ্গল ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশন তথা ডব্লিউবিআইডিসি-র ম্যানেজিং ডিরেক্টর হিসেবে দায়িত্ব পালন করেছিলেন। ২০১২-১৩ সালে তিনি কলকাতা মেট্রো রেলওয়ে কর্পোরেশন লিমিটেডের ব্যবস্থাপক পরিচালক ছিলেন।

এদিকে মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার বলেছেন, সরকারি কর্মীরা যেন কোনও রাজনৈতিক দলের হয়ে কাজ না করেন। সরকারি কর্মীদের উদ্দেশে তিনি বলেন, 'কোনও ভয় বা পক্ষপাতিত্ব ছাড়া আইন কার্যকর করুন'। এরই সঙ্গে তিনি আরও বলেন, 'এসপি, জেলাশাসকদের স্পষ্ট নির্দেশ দেওয়া হয়েছে, ভোটারদের সুরক্ষার সব ব্যবস্থা করতে হবে। ভোটার বা ভোটকর্মীকে ভয় দেখানো যাবে না। কমিশন এই বিষয়টি কোনও ভাবেই মেনে নেবে না।'

(৩ পাতার পর)

# রান্নার গ্যাসের সঙ্কটে এসওপি তৈরি করবে রাজ্য, গ্যাস বাইরে না পাঠানোর নির্দেশ মুখ্যমন্ত্রীর

নেমে এসেছে। এই পরিস্থিতিতে আজ, বুধবার তিনটি তেল সংস্থাগুলির সঙ্গে বৈঠক করলেন বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এমনকী এই পরিস্থিতির মোকাবিলায় রাজ্য সরকার এসওপি তৈরি করবে বলে জানান মুখ্যমন্ত্রী। আর বৃহস্পতিবার নবান্নে জরুরি বৈঠক ডেকেছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সেখানেও অফিসারদের সঙ্গে আলোচনা করা হবে। বিকল্প উপায়ের সন্ধান করে ব্যবস্থা করা হবে।

এদিকে গতকালই পাঁচদিনের ধর্না সেরে বাড়ি ফিরেছেন মুখ্যমন্ত্রী। মানুষের গণতান্ত্রিক অধিকার রক্ষার স্বার্থে টানা পাঁচদিন ধর্মতলায় ধর্না দিয়েছেন মমতা বন্দ্যোপাধ্যায়। সেখান থেকেও কেন্দ্রীয় সরকারকে তুলোধনা করেছিলেন মুখ্যমন্ত্রী। রান্নার গ্যাসের দামবৃদ্ধির প্রতিবাদে কালো শাড়ি পড়ে মহিলা নেত্রীদের মিছিল করতে বলেছিলেন। এবার নিজেই নামছেন রাজপথে মিছিল করতে। এই রান্নার গ্যাসের সঙ্কট নিয়ে মমতা বন্দ্যোপাধ্যায় বলেন, 'এসওপি তৈরি করবে রাজয় সরকার। এখানে যে গ্যাস তৈরি হয় সেটা বাইরে পাঠাবেন না। কল্যাণী, দুর্গাপুরে গ্যাস তৈরি হয়। সে সব বাইরে পাঠাবেন না। কারণ এখন কঠিন পরিস্থিতি তৈরি হয়েছে। মিড-ডে মিল, হাসপাতাল, অঙ্গনওয়ারি, আইসিডিএস-সহ জরুরি পরিষেবার ক্ষেত্রে সমস্যা যেন না হয়। এই সব বিষয়ে তিনটি তেল সংস্থাগুলির সঙ্গে বৈঠক হয়েছে। যা সদর্থক।'অন্যদিকে রান্নার গ্যাসের দাম বেড়ে যাওয়া এবং তা না পাওয়ায় হেঁসেলে কার্যত খাওয়া-দাওয়া মাথায় উঠেছে। শহর থেকে গ্রামবাংলায় এখন রান্নার গ্যাসের জন্য হাহাকার পড়ে গিয়েছে। সবচেয়ে খারাপ অবস্থা উত্তরবঙ্গের। এই পরিস্থিতির কথা শুনে বৈঠক করেন মুখ্যমন্ত্রী। তারপর মমতা বন্দ্যোপাধ্যায়ের সরাসরি বক্তব্য, 'গ্যাসের জোগানই নেই! গ্রামবাংলা থেকে শহর সব জায়গাতে সমস্যা হচ্ছে। আমি এটা নিয়ে কথা বলেছি। বৃহস্পতিবারই বৈঠক ডেকেছি। একটা কিছু বিকল্প ভাবা হচ্ছে। দেখা যাক কী করা যায়। ২৫ দিন কেন লাগবে একটা গ্যাস পেতে? আমি জিজ্ঞাসা করলাম। ওরা জানিয়েছেন, সার্ভার খারাপ হয়ে যাওয়ায় এটা করতে হয়েছে। একটা গ্যাস অন্তত সাপ্লাই করুন। বাড়ির ক্ষেত্রে যাতে সমস্যা না হয় সেটা দেখতে বলা হয়েছে। কেরোসিন সরবরাহ বাড়ান। যাতে গ্রামবাংলার মানুষজন রান্না করে খেতে পারেন।'

# সিনেমার খবর

## ‘কিং’ সিনেমায় শাহরুখের বড় চমক

স্টাফ রিপোর্টার, রোজদিন

সময় যতই ঘনিয়ে আসছে, বলিউড বাদশা শাহরুখ খানের সিনেমা ‘কিং’ নিয়ে দর্শকদের আগ্রহ যেনো বাড়ছে। সিনেমাটি ঘিরে প্রতিনিয়ত নতুন নতুন তথ্য সামনে আসছে প্রযোজকরা।

সম্প্রতি সিনেমাটির সংগীত পরিচালক জুটি শচীন-জিগার এক সাক্ষাৎকারে এমন কিছু তথ্য প্রকাশ করেছেন যা রীতিমতো আলোচনার কেন্দ্রবিন্দুতে পরিণত হয়েছে। তাদের মতে, ‘কিং’ সিনেমায় শাহরুখ খানকে এমন এক অবতারে দেখা যাবে যা আগে কখনও কল্পনাও করেনি দর্শকরা।

শচীন-জিগার জানান, এই সিনেমায় শাহরুখ খান তার উপস্থাপনায় থাকবে আমূল পরিবর্তন এনেছেন। বিশেষ করে গানে তার লিপ-সিং বা ঠোঁট মেলানোর পদ্ধতিতে এক নতুন ধারা লক্ষ্য করা যাবে। শচীনের দাবি অনুযায়ী, এই সিনেমার জন্য শাহরুখের লুক এবং চরিত্রে




এমন কিছু পরিবর্তন আনা হয়েছে যা সাধারণ সব ধারণার বাইরে।

সিনেমাটির মুক্তির দিনও ঘোষণা করা হয়েছে। পরিচালক সিদ্ধার্থ আনন্দ জানিয়েছেন, চলতি বছরের ২৪ ডিসেম্বর বড়দিনে মুক্তি পাবে ‘কিং’। এরই মধ্যে প্রকাশ্যে এসেছে সিনেমার ঝলক, যেখানে ধূসর চুল ও তীব্র অ্যাকশন লুকে শাহরুখকে দেখা যাচ্ছে।

দীর্ঘ প্রতীক্ষিত এই সিনেমায় বলিউড বাদশাহর হাত ধরে নতুন কোনো ইতিহাস রচিত হতে যাচ্ছে কি না, তা দেখার অপেক্ষায় আছেন বিশ্বজুড়ে তার কোটি কোটি ভক্ত। সব মিলিয়ে ‘কিং’ সিনেমাটি এখন বিনোদন জগতের অন্যতম শীর্ষ চর্চার বিষয়ে পরিণত হয়েছে।

রেড চিলিজ এন্টারটেইনমেন্ট ও মারফ্লিক্স পিকচার্সের প্রযোজনায় এ সিনেমায় শাহরুখকে দেখা যাবে এক অভিজ্ঞ আততায়ী হিসেবে, যিনি আন্ডারওয়ার্ল্ডের অন্ধকার জগতে কাজ করেন। তার শিষ্য হিসেবে আছেন সুহানা খান, যিনি বিপজ্জনক মিশনের জন্য প্রশিক্ষণ নিচ্ছেন।


## আমার একটা বিরতি খুব দরকার: দীপিকা

স্টাফ রিপোর্টার, রোজদিন

বর্তমানে জীবনের সবচেয়ে সুন্দর সময় উপভোগ করছেন বলিউড অভিনেত্রী দীপিকা পাড়ুকোন। ৮ সেপ্টেম্বর তার মেয়ে দুয়ার জন্ম দিয়েছিলেন। এরপর থেকে তিনি কাজ এবং পরিবারের মধ্যে ভারসাম্য বজায় রাখার জন্য যথাসাধ্য চেষ্টা করে যাচ্ছেন।

সম্প্রতি সামাজিক মাধ্যম ইনস্টাগ্রাম স্টোরিতে একটি নোট শেয়ার করে নিয়েছেন দীপিকা পাড়ুকোন, যেখানে একজন মায়ের আবেগ বর্ণনা করা হয়েছে। পোস্টে তিনি লিখেছেন— আমার বিষাক্ত বৈশিষ্ট্য হলো— আমি আমার সন্তানকে এত ভালোবাসি যে, আমি চাই না যে অন্য কেউ আমার মেয়ের দেখাশোনা করুক।

তিনি বলেন, আমার একটা বিরতি খুব দরকার, কিন্তু আমি ওকে ছাড়া বাঁচতে পারি না। আমার ২৪ ঘণ্টা নীরবতা দরকার, কিন্তু আমার ২৪ ঘণ্টা আমার সন্তানের সঙ্গেও থাকা দরকার। এর সঙ্গে একমত হয়ে দীপিকা লিখেছেন,



‘এই তো... আমি বলেছি।’ দীপিকার এই পোস্টটি স্পষ্টভাবে বোঝায় যে একজন মায়ের জন্য সন্তান লালন-পালন করা কতটা কঠিন এবং ত্যাগে পরিপূর্ণ।

মেয়ে দুয়ার জন্মের পর দীপিকা তার কাজের সময় সম্পর্কে আরও কঠোর অবস্থান গ্রহণ করেছেন। তিনি দাবি করেছিলেন, তার আসন্ন সিনেমা ‘স্পিরিট’ ও ‘কল্কি ২৮৯৮ এডি’ সিনেমার সিক্যুয়েলের নির্মাতারা কেবল ৮ ঘণ্টার শিফটে কাজ করবেন। তবে সময় নিয়ে নির্মাতাদের সঙ্গে মতবিরোধের কারণে দীপিকাকে ওই দুটি বড় প্রকল্প থেকে সরে আসতে হয়েছিল। অভিনেত্রী তৃপ্তি দিমরিকে ‘স্পিরিট’-এ এবং ‘কল্কি ২’-তে সাই পল্লবীকে দীপিকার জায়গায় দেখা যাবে।

যদিও দীপিকা পাড়ুকোন কিছু ছবি ছেড়ে দিয়েছেন, তবু তার হাতে এখনো অনেক বড় বড় প্রকল্প রয়েছে। শিগগির তাকে শাহরুখ খানের বিপরীতে ‘কিং’ সিনেমায় দেখা যাবে, যা আগামী ২৪ ডিসেম্বর প্রেক্ষাগৃহে মুক্তি পাবে। এ সিনেমায় সুহানা খান, রানি মুখার্জি এবং অভিষেক বচ্চনসহ বেশ কয়েকজন অভিনেতা অভিনয় করেছেন।

এ ছাড়া দীপিকা দক্ষিণী সুপারস্টার আল্লু অর্জুনের সঙ্গে অ্যাটলি পরিচালিত একটি বিগ বাজেটের সিনেমায় কাজ করেছেন। দীপিকা এর আগে অ্যাটলির সঙ্গে ‘জওয়ান’ সিনেমায় কাজ করেছিলেন, যেখানে তার অভিনয় অত্যন্ত প্রশংসিত হয়েছিল।

## দেবের ‘বাইক অ্যাম্বুলেন্স দাদা’য় দেখা যাবে শুভাশিস ও শ্রীপর্ণাকে



স্টাফ রিপোর্টার, রোজদিন

চলতি বছরের স্বাধীনতা দিবসে প্রথম সিনেমা আনছেন টালিউড প্রযোজক-অভিনেতা দীপক অধিকারী দেব। পদ্মশ্রী করিমুল হকের জীবন পর্দায় তুলে ধরবেন এ প্রযোজক। করিমুল সারা দেশে ‘বাইক অ্যাম্বুলেন্স দাদা’ নামে খ্যাত। নাম ভূমিকায় অভিনয় করছেন এ সংসদ সদস্য। এই সিনেমায় দেবের বিপরীতে আছেন যথারীতি অভিনেত্রী রুক্মিণী মৈত্র।

অন্যদিকে এ সিনেমায় একটি গুরুত্বপূর্ণ চরিত্রে দেখা যাবে কমেডিয়ান শুভাশিস মুখোপাধ্যায়কে। থাকবেন শ্রীপর্ণা রায়ও। এ ছাড়া আরও অভিনয় করছেন ইন্দ্রাশিস রায়, ওএসডি অলোক সান্যাল প্রমুখ।

অভিনেতা শুভাশিস এ মুহূর্তে তার আগামী সিনেমা ‘ফণিবাবু ভাইরাল’-এর প্রচারে ব্যস্ত রয়েছেন। সিনেমার গল্প তাকে ঘিরেই। সম্প্রতি একটি গণমাধ্যমের এক সাক্ষাৎকারে ‘বাইক অ্যাম্বুলেন্স দাদা’য় অভিনয় করা প্রসঙ্গে প্রশ্ন করা হলে অভিনেতা মুখ খোলেননি। তবে একটি সূত্র জানিয়েছে, অভিনেতাকে ‘পুরোহিত’-এর ভূমিকায় দেখা যাবে। রবিবার তিনি পৌঁছে যাবেন শিলিগুড়িতে। সেখানে দেবের সঙ্গে তার কিছু দৃশ্যের শুটিং আছে।

একইভাবে আরেকটি গুরুত্বপূর্ণ চরিত্রে দেখা যেতে পারে অভিনেত্রী শ্রীপর্ণাকে। এর আগে দেবের ‘প্রজাপতি ২’তে অভিনয় করেন তিনি। আগের সিনেমাতেও ছোট কিন্তু গুরুত্বপূর্ণ চরিত্রে দেখা গিয়েছিল তাকে। সংসদ-অভিনেতা পার্থ ভৌমিকের মেয়ের চরিত্রে অভিনয় করেছিলেন তিনি। তার চরিত্র সম্পর্কে জানতে শ্রীপর্ণার সঙ্গেও যোগাযোগ করা হয়েছিল। তিনি ফোনে সাড়া দেননি।

# বিশ্বকাপে অংশগ্রহণ নিয়ে শঙ্কায় ইরান

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



চলমান যুদ্ধ পরিস্থিতির কারণে আসন্ন ফুটবল বিশ্বকাপে ইরানের অংশগ্রহণ অনিশ্চয়তার মুখে পড়েছে। দেশটির ফুটবল ফেডারেশনের সভাপতি মেহদী তাজ জানিয়েছেন, বর্তমান পরিস্থিতিতে বিশ্বকাপে খেলার বিষয়ে আশাবাদী হওয়া কঠিন।

ইরানে আকস্মিক হামলা চালায় যুক্তরাষ্ট্র ও ইসরায়েল। হামলায় দেশটির সর্বোচ্চ ধর্মীয় নেতা আয়াতুল্লাহ আলি খামেনিসহ শীর্ষ পর্যায়ের বেশ কয়েকজন নিহত হয়েছেন বলে বিভিন্ন আন্তর্জাতিক সংবাদমাধ্যম জানিয়েছে। একশটির বেশি শহরে বোমাবর্ষণের ঘটনায় মৃতের সংখ্যা সাড়ে পাঁচশ ছাড়িয়েছে বলেও প্রতিবেদনে উল্লেখ করা হয়।

এমন প্রেক্ষাপটে ইরানের ফুটবল কার্যক্রমও বড় ধরনের অনিশ্চয়তায় পড়েছে। একটি স্থানীয় স্পোর্টস পোর্টালে দেওয়া সাক্ষাৎকারে মেহদী তাজ বলেন, 'এই পরিস্থিতির পর বিশ্বকাপে অংশগ্রহণ নিয়ে আশাবাদী হওয়ার প্রত্যাশা করা বাস্তবসম্মত নয়।'

আগামী বিশ্বকাপ অনুষ্ঠিত হওয়ার কথা যুক্তরাষ্ট্র, মেক্সিকো ও কানাডায়। 'জি' গ্রুপে থাকা ইরানের সূচি অনুযায়ী, ১৬ জুন লস অ্যাঞ্জেলসে নিউজিল্যান্ডের বিপক্ষে মাঠে নামার কথা তাদের। এরপর একই ভেন্যুতে ২১ জুন বেলজিয়ামের বিপক্ষে ম্যাচ রয়েছে। গ্রুপ পর্বের শেষ ম্যাচ ২৭ জুন সিয়াটলে, প্রতিপক্ষ মিশর।

১১ জুন শুরু হয়ে ১৯ জুলাই পর্যন্ত চলবে এবারের বিশ্বকাপ। এরই মধ্যে ট্রাম্প প্রশাসনের ঘোষিত ভ্রমণ নিষেধাজ্ঞার প্রথম ধাপেই ইরানি সমর্থকদের যুক্তরাষ্ট্রে প্রবেশে সীমাবদ্ধতা আরোপ করা হয়েছে। সব মিলিয়ে রাজনৈতিক ও সামরিক উত্তেজনার প্রভাব পড়েছে ক্রীড়াঙ্গনেও, যার বড় শিকার হতে পারে ইরানের বিশ্বকাপ মিশন।

## মাঠে মুখ ঢাকলেই লাল কার্ড দেওয়ার পক্ষে ফিফা সভাপতি




**স্টাফ রিপোর্টার, রোজদিন**

বর্ণবাদের বিরুদ্ধে আরও কঠোর অবস্থানে ঘোষষা দিয়েছেন ফিফা সভাপতি জিয়ান্নি ইনফান্তিনো। মাঠে মুখ ঢেকে প্রতিপক্ষের সঙ্গে কথা বললে সেটিকে সন্দেহজনক হিসেবে ধরে নিয়ে সরাসরি লাল কার্ড দেখানোর প্রস্তাব দিয়েছেন তিনি।

সম্প্রীতি বর্ণবৈষম্য নিয়ে বিতর্কের সূত্রপাত হয় রিয়াল মাদ্রিদ তারকা ভিনিসিয়ুস জুনিয়রের অভিযোগ ঘিরে। ইউয়েফা চ্যাম্পিয়নস লিগ প্লে-অফের প্রথম লেগে বেনফিকার ফুটবলার জিয়ানলুকা প্রেস্তিয়ান্নি তাকে বর্ণবাদী মন্তব্য করেছেন বলে দাবি করেন তিনি।

এর আগে বেশ কয়েক বার বর্ণবাদের শিকার হওয়ার বিষয়ে অভিযোগ করেছেন ভিনিসিয়ুস। ভিনিসিয়ুসের উদ্দেশে মন্তব্য করার সময় প্রেস্তিয়ান্নি মুখ ঢেকে কথা বলছিলেন, এই বিষয়টিই নতুন করে আলোচনার জন্ম দেয়। এরই মধ্যে ঘটনার তদন্ত শুরু করেছে ইউয়েফা। দ্বিতীয় লেগে প্রেস্তিয়ান্নিকে সাময়িক বরখাস্ত করা হয়।

আর অভিযোগ প্রমাণিত হলে সর্বোচ্চ ১০ ম্যাচ নিষেধাজ্ঞার মুখে পড়তে পারেন। স্কাই নিউজকে দেওয়া সাক্ষাৎকারে ফিফা সভাপতি বলেন, 'কোনো খেলোয়াড় যদি মুখ ঢেকে কিছু বলে এবং তার বর্ণবাদী প্রভাব থাকে, তাহলে তাকে অবশ্যই বহিষ্কার করতে হবে। ধরে নিতে হবে, সে এমন কিছু বলেছে যা বলা উচিত ছিল না। তা না হলে মুখ ঢাকার প্রয়োজন হতো না।'

তিনি আরও জানান, ভবিষ্যতে কেবল প্রমাণের অপেক্ষায় বসে না থেকে আগাম প্রতিরোধমূলক ব্যবস্থা নিতে হবে। এ লক্ষ্যে ২০২৬ বিশ্বকাপের আগে নতুন নিয়ম আনার পরিকল্পনা করছে ফিফা। বিষয়টি নিয়ে আন্তর্জাতিক ফুটবল অ্যাসোসিয়েশন বোর্ডের (আইএফএবি) বৈঠকেও আলোচনা হয়েছে।

ইংলিশ ফুটবল অ্যাসোসিয়েশন প্রধান নির্বাহী ও আইএফএবি সদস্য মার্ক বুলিংহাম বলেন, মাঠে মুখ ঢেকে কথা বলার প্রয়োজনীয়তা খুব কম ক্ষেত্রেই থাকে, বিশেষ করে উত্তপ্ত পরিস্থিতিতে। তাই এটি রোধে দ্রুত সিদ্ধান্ত নেওয়া হতে পারে।

আগামী মাসে ভ্যাঙ্কুভারে হবে ফিফা কংগ্রেস। সেখানেই এই বিষয়ক গুরুত্বপূর্ণ অগ্রগতি হতে পারে।

## নতুন ভেন্যুতে আফগানিস্তানের বিপক্ষে খেলবে ভারত



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

আফগানিস্তানকে স্বাগত জানিয়ে নতুন টেস্ট ভেন্যুর সূচনা করতে যাচ্ছে ভারত। আগামী জুনে এক টেস্ট ও তিন ম্যাচের ওয়ানডে সিরিজ খেলতে ভারত সফরে আসবে আফগানিস্তান দল।

ভারতের ক্রিকেট বোর্ড (বিসিসিআই) সোমবার এক সংবাদ বিজ্ঞপ্তিতে সিরিজের পূর্ণ সূচি প্রকাশ করেছে। সূচি অনুযায়ী, ৬ জুন নিউ চণ্ডীগড় স্টেডিয়ামে শুরু হবে একমাত্র টেস্ট ম্যাচ। এই ম্যাচ দিয়েই ভারতের ৩১তম টেস্ট ভেন্যু হিসেবে আত্মপ্রকাশ করবে নিউ চণ্ডীগড়ের মাঠ।

টেস্টের পর তিন ম্যাচের ওয়ানডে সিরিজ অনুষ্ঠিত হবে যথাক্রমে ১৪ জুন ধর্মশালায়, ১৭ জুন লখনৌতে এবং ২০ জুন চেন্নাইয়ে।

আফগানিস্তান ও ভারতের মধ্যকার এটি হবে মাত্র দ্বিতীয় টেস্ট। এর আগে ২০১৮ সালে বেঙ্গালুরুতে অনুষ্ঠিত একমাত্র টেস্টে ইনিংস ও ২৬২ রানের বড় ব্যবধানে জয় পেয়েছিল ভারত।

এদিকে, ২০২৬ সালের আইপিএল আসর শেষ হবে ৩১ মে। টুর্নামেন্ট শেষ হওয়ার মাত্র পাঁচ দিন পরই লাল বলের ক্রিকেটে ফিরবেন দুই দলের ক্রিকেটাররা। ব্যস্ত সূচির মধ্যেই তাই নতুন ভেন্যুতে আন্তর্জাতিক টেস্ট দিয়ে শুরু হবে ভারতের নতুন অধ্যায়।

● স্বত্বাধিকারী, প্রকাশক এবং মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published and Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329
and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata -700 019 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR